Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 30 June, 2025

পাবনার চাটমোহরে প্রেমিকার বিয়ের খবর শুনে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে গোলাম রাব্বি (১৫) নামে এক কিশোর।সোমবার (৩০ জুন) দুপুরে উপজেলার মূলগ্রাম ইউনিয়নের কুবিরদিয়ার গ্রামে এ মর্মান্তিক ঘটনা ঘটে।নিহত রাব্বি ওই গ্রামের দিনমজুর রবিউল শেখের ছেলে।

পরিবার ও স্থানীয় সূত্রে জানা গেছে, পাশের গ্রামের এক মেয়ের সঙ্গে দীর্ঘদিন ধরে রাব্বির প্রেমের সম্পর্ক ছিল।ছেলেটির পরিবার সম্পর্কটি মেনে নিলেও মেয়েটির পরিবার শুরু থেকেই আপত্তি জানিয়ে আসছিল।কিছুদিন আগে প্রেমিক-প্রেমিকা দুজনই বাড়ি থেকে নিখোঁজ হলে উভয় পরিবার তাদের খুঁজে এনে বিয়ের আশ্বাস দেয়।কিন্তু মেয়েটিকে পরে কৌশলে ঢাকায় পাঠিয়ে দেওয়া হয় এবং রাব্বির সঙ্গে তার যোগাযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়।

সোমবার সকালে মেয়েটির এক আত্মীয় রাব্বিকে জানায়, মেয়েটির বিয়ে হয়ে গেছে।এই খবরে মানসিকভাবে ভেঙে পড়ে কিশোর রাব্বি।দুপুরে পরিবারের সদস্যরা বাড়ির বাইরে থাকাকালে, নিজ ঘরে দরজা বন্ধ করে সে গলায় ফাঁস দেয়।পরে তার মরদেহ ঝুলন্ত অবস্থায় দেখতে পায় পরিবার।

রাব্বির বড় ভাই রিয়াজ শেখ বলেন, "আমার ভাইকে আত্মহত্যায় প্ররোচিত করা হয়েছে। আমরা ওই পরিবারের বিচার চাই।প্রেমিক-প্রেমিকার সম্পর্ক মেনে নেওয়ার কথা বলেও মেয়েটির পরিবার প্রতারণা করেছে।এভাবে একটা ছেলেকে মানসিকভাবে ভেঙে ফেলা হয়েছে।"

ঘটনার খবর পেয়ে চাটমোহর থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে আসে।পরিদর্শক (তদন্ত) নয়ন কুমার দাস জানান, মরদেহ ময়নাতদন্তের জন্য পাবনা জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে এবং থানায় একটি অপমৃত্যু মামলা রেকর্ড করা হয়েছে।

এই ঘটনার পর গ্রামে শোকের ছায়া নেমে এসেছে।স্থানীয়রা মনে করছেন, প্রেমের সম্পর্কের এমন পরিণতি এড়াতে উভয় পরিবারের আরও দায়িত্বশীল হওয়া প্রয়োজন ছিল।বিশেষ করে কিশোরদের মানসিক অবস্থা বুঝে এমন পরিস্থিতি মোকাবিলায় পরিবার ও সমাজকে সক্রিয় ভূমিকা রাখতে হবে।

প্রেমিক পুলিশ আত্মহত্যা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 01 July, 2025 06:22

URL: https://www.timestodaybd.com/rajshahi/3986775807